# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 28 April, 2025

"দ্বন্দ্বে কোনো আনন্দ নাই, আপস করো ভাই, লিগ্যাল এইড আছে পাশে, কোনো চিন্তা নাই" এই শ্লোগানে সারা দেশের ন্যায় ময়মনসিংহেও জেলা লিগ্যাল এইড কমিটির আয়োজনে যথাযথ মর্যাদায় জাতীয় আইনগত সহায়তা দিবস উদযাপিত হয়েছে।সরকারি আইনগত সহায়তা কার্যক্রমের প্রচার ও প্রসারের লক্ষ্যে প্রতিবছর ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়।

সোমবার (২৮ এপ্রিল) সকাল সাড়ে ৮ টায় জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণ থেকে এক বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়েছে। ময়মনসিংহ জেলা লিগ্যাল এইডের চেয়ারম্যান এবং সিনিয়র জেলা ও দায়রা জজ মো. জাকির হোসেনের নেতৃত্বে র‍্যালিটি নতুন বাজার মোড় হয়ে টাউন হলে গিয়ে শেষ হয়।

র‍্যালি শেষে অ্যাড. তারেক স্মৃতি অডিটোরিয়ামে জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান এবং সিনিয়র জেলা ও দায়রা জজ মো. জাকির হোসেনের সভাপতিত্বে "দ্বন্দ্বে কোনো আনন্দ নাই, আপস করো ভাই, লিগ্যাল এইড আছে পাশে, কোনো চিন্তা নাই" শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভাপতির বক্তব্যে লিগ্যাল এইডের চেয়ারম্যান বলেন, আমাদের দেশে বেসরকারি আইনগত সেবা দীর্ঘ সময় ধরে থাকলেও, সরকারিভাবে আইনগত সহায়তা প্রদান ব্যবস্থা একেবারেই নেই বললে চলে।সেই বিবেচনায় ১৯৯৪ সালের ৬ জানুয়ারি কেবিনেট ডিভিশনে ৮ নম্বর রেজুলেশনের ভিত্তিতে একটি সার্কুলার জারি হয়।তারই ধারাবাহিকতায় আমাদের সরকারি আইনগত সহায়তার যাত্রা শুরু।যা এখন একটি কাঠামোগত প্রতিষ্ঠান হিসেবে দাঁড়িয়েছে।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন, ময়মনসিংহ জেলা লিগ্যাল এইড কমিটির সদস্য সচিব, জেলা লিগ্যাল এইড অফিসার (সিনিয়র সহকারী জজ) সুদীপ্ত তালুকদার।সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট তাহমিনা আক্তার তমা, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট তানজিনা ইসলাম, জেলা চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. মোখলেছুর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উম্মে হাবিবা মীরা, অতিরিক্ত পুলিশ সুপার মাহফুজা আক্তার, জেলা আইনজীবী সমিতির সদস্য সচিব সৈয়দ সাদউদ্দিন আহমেদ, বিজ্ঞ সরকারি উকিল মো. আজহারুল হক, পাবলিক প্রসিকিউটর মো. আনোয়ার আজিজ টুটুল।

অনুষ্ঠান শেষে আইনগত সহায়তা প্রদানে বিশেষ অবদানের জন্য তিনজন আইনজীবীকে সেরা প্যানেল আইনজীবী সম্মাননা প্রদান করা হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার পেতে অসমর্থ বিচারপ্রার্থী জনগণের মধ্যে আইনগত সহায়তা প্রদান কার্যক্রম সম্পর্কে প্রচার ও সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে ২৮ এপ্রিলকে 'জাতীয় আইনগত সহায়তা দিবস' হিসেবে ঘোষণা করেছেন।

আইন দিবস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:43

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/1575842140